দৈনিক জনকণ্ঠ

তারিখ AUG 16 2002
পৃষ্ঠা ৩ কলাম ৬

# স্ট্যামফোর্ড ইউনিভার্সিটির এসিবিএসপি এ্যাক্রিডিটেশন লাভ

সম্প্রতি স্ট্যামফোর্ড ইউনিভার্সিটি বাংলাদেশ "এ্যাসোসিয়েশন অব কলেজিয়েট বিজনেস স্কুলস এন্ড প্রোগ্রামস" (এসিবিএসপি)-এর এ্যাক্রিডিটেশন লাভ করেছে। এসিবিএসপির এক্সিকিউটিভ ডিরেক্টর রেন্ডাল এম ম্যাকলিয়ড, জেডি গত ১২ আগস্ট পত্রের মাধ্যমে স্ট্যামফোর্ড ইউনিভার্সিটি বাংলাদেশের প্রেসিডেন্ট ও ভাইস চ্যান্সেলর ড. এমএ হান্নান ফিরোজকে এ সুসংবাদ জানান। এসিবিএসপি হচ্ছে বিজনেস স্কুল-এর ক্ষেত্রে বিশ্বের সর্বোচ্চ এ্যাক্রিডিটেশন বডি। এসিবিএসপি বিশ্বের আন্তর্জাতিক মানের শিক্ষা ও ডিগ্রী প্রদানকারী বিশ্ববিদ্যালয়সমূহকে সদস্যপদ অনুমোদন করে এবং এই অনুমোদনপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়সমূহকে স্ব-স্ব দেশের শিক্ষার মানদণ্ডে বিচার না করে আন্তর্জাতিক মানে মূল্যায়ন করা হয়। ইতোপূর্বে যে সকল স্বনামধন্য বিশ্ববিদ্যালয় এসিবিএসপির এ্যাক্রিডিটেশন লাভ করেছে তাদের মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি হচ্ছে— হার্ভার্ড ইউনিভার্সিটি, কলম্বিয়া ইউনিভার্সিটি, নিউইয়র্ক ইউনিভার্সিটি (এনওয়াইইউ), ফ্রাংকলিন ইউনিভার্সিটি-সাউথ ক্যারোলিনা-ইউএসএ প্রভৃতি।

উল্লেখ্য, স্ট্যামফোর্ড গত বছরের এপ্রিল মাসে কম্পিউটার স্কুলের ক্ষেত্রে বিশ্বের সর্বোচ্চ এ্যাক্রিডিটেশন বডি এ্যাসোসিয়েশন ফর দি এডভান্সমেন্ট অব কম্পিউটিং ইন এডুকেশন (এএসিই)-এর এ্যাক্রিডিটেশন লাভ করে। এএসিই এবং এসিবিএসপি-এর এ্যাক্রিডিটেশন লাভ করার ফলে স্ট্যামফোর্ড ইউনিভার্সিটির সিএসই, সিএসআই, এমসিএ, বিবিএ ও এমবিএ প্রোগ্রামের কারিকুলাম ও ডিগ্রীসমূহ বিশ্বের সকল দেশে কোন প্রকার ইভ্যালুয়েশন ছাড়াই আন্তর্জাতিকমানে এবং ইউএসএ ও ইউরোপের সমমানে মূল্যায়িত হবে। -বিজ্ঞপ্তি।